

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

০২ জুলাই ২০২৪খ্রি.

ডেঙ্গু মোকাবেলায় পরিকল্পিতভাবে প্রতিরোধ গড়ে তুলতে হবে: মেয়র

ডেঙ্গু ও চিকনগুনিয়া রোধে আমাদের সম্মিলিতভাবে ঐক্যবদ্ধ হয়ে করোনার মতো প্রতিরোধ গড়ে তুলতে হবে। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে ডেঙ্গু ও চিকনগুনিয়াসহ মশাবাহিত রোগ প্রতিরোধে এক মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী এ মন্তব্য করেন।

মঙ্গলবার দুপুরে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের কনফারেন্স রুমে চসিক প্রধান পরিচলন কর্মকর্তা কমান্ডার লতিফুল হক কাজমীর সভাপতিত্বে মতবিনিময় সভায় বক্তব্য রাখেন চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালের ডাইরেক্টর বিগ্নেডিয়ার জেনারেল তসলিম, ফৌজদার হাট বিআইটিআইডি পরিচালক ডা: মো: সাখওয়াত উল্লাহ, চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ে ভারপ্রাপ্ত রেজিস্টার ডা: হোসাইন সরোয়ার, সিভিল সার্জন কার্যালয়ের মেডিকেল অফিসার(রোগ নিয়ন্ত্রক) ডা: মো: নরুল হায়দার, ভারপ্রাপ্ত জেলা কীটতত্ত্ব বিদ সৈয়দ মো: মঈন উদ্দীন। উপস্থিত ছিলেন-চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডা: মো: ইমাম হোসেন রানা, ম্যালেরিয়া ও মশক নিয়ন্ত্রন কর্মকর্তা মো. সরফুল ইসলাম মাহী, উপ-প্রধান পরিচলন কর্মকর্তা মো. মোরশেদুল আলম চৌধুরীসহ বিভিন্ন সংস্থার প্রতিনিধিগণ।

সিটি মেয়র বলেন, নগরীর প্রত্যেক সংস্থা, সামাজিক, রাজনৈতিক নেতৃবৃন্দ, বিভিন্ন সোসাইটির নেতৃবৃন্দ, মসজিদে জুমার নামাজে মাধ্যমে নাগরিকদের সচেতন করতে পারলে করোনার মতো ডেঙ্গুও প্রতিরোধ সম্ভব। তিনি বলেন, আমাদের চারপাশে যে সমস্ত জায়গায় এডিস মশা জন্মায় সেই সমস্ত জায়গায় যাতে এডিস মশা জন্মাতে না পারে সেই ব্যাপারে সকলকে সচেতন হতে হবে। নালা-নর্দমায় এডিস মশা জন্মায় না। পরিষ্কার ও বদ্ধ পানি এডিস মশার প্রজনন ক্ষেত্র। তাই বসা-বাড়ির আশে পাশে ডাব ও নারকেলের খোসা, প্লাস্টিকের বতল, ফুলের টব, পরিত্যক্ত টায়ার, ছাদ বাগান ও ফ্রিজে জমানো পানি তিন দিনের বেশি যাতে জমে না থাকে সেদিকে খেয়াল রাখতে হবে। বাসা বাড়ি, ছাদ-আঙ্গিনা নিজ নিজ উদ্যোগে পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে। এটি আমাদের সকলের নাগরিক দায়িত্ব। তিনি চট্টগ্রাম নগরীকে একটি নিরাপদ বাসযোগ্য ও পরিষ্কার-পরিচ্ছন্ন নগর গড়তে নগরবাসীর প্রতি আহ্বান জানান।

সভায় বিভিন্ন সংস্থার প্রতিনিধিবৃন্দ ডেঙ্গু প্রতিরোধে তাদের মতামত প্রদান করেন।

চট্টগ্রামের মেয়রের সাথে বরিশালের মেয়রের সৌজন্য সাক্ষাৎ

চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরীর সাথে সৌজন্য সাক্ষাৎ করেছেন বরিশাল সিটি কর্পোরেশনের (বিসিসি) মেয়র আবুল খায়ের আব্দুল্লাহ খোকন সেরনিয়াবাত। মঙ্গলবার দুপুরে টাইগারপাসস্থ চসিক কার্যালয়ে এ সৌজন্য সাক্ষাতে দুই মেয়র সরকারের রূপকল্প-২০৪১ বাস্তবায়নে সিটি কর্পোরেশনের ভূমিকা নিয়ে আলোচনা করেন। সভায় মেয়র রেজাউল চসিকের শিক্ষা ও স্বাস্থ্য বিভাগের কার্যক্রম ও ব্যাপকতা তুলে ধরলে চসিকের সেবামূলক কার্যক্রমের প্রশংসা করেন বরিশালের মেয়র।

সাক্ষাতকালে উপস্থিত ছিলেন জেলা পরিষদের চেয়ারম্যান এ টি এম পেয়ারুল ইসলাম, প্যানেল মেয়র আফরোজা কালাম, চসিকের সচিব মোহাম্মদ আশরাফুল আমিন, আবদুস সালাম মাসুম, আবুল হাসনাত মো. বেলাল, প্রধান পরিচলন কর্মকর্তা কমান্ডার লতিফুল হক কাজমি, মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাশেম, প্রধান শিক্ষা কর্মকর্তা মো. সাইফুল ইসলাম, প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা হুমায়ুন কবির চৌধুরী, প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডা: মো. ইমাম হোসেন রানা, প্রধান প্রকৌশলী শাহীন-উল-ইসলাম, বিসিসির প্যানেল মেয়র, কাউন্সিলর ও কর্মকর্তাবৃন্দ।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮